দৈনিক সংবাদ

তারিখ 06 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

123

# বিশ্ববিদ্যালয়ে সহশিক্ষায় জামাত নাখোশ

(সংসদ বার্তা পরিবেশক)

জামাতে ইসলামীর মহিলা এমপি হাফেজা আসমা খাতুন গতকাল বৃহস্পতিবার সংসদে বলেছেন দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে সহশিক্ষা পদ্ধতি'র কারণে অসহনীয় পরিবেশ বিরাজ করছে। বিয়ের বয়স না হলেও ছেলেরা মেয়েদেরকে পেতে চায়। মেডিক্যাল কলেজগুলোতেও একই পদ্ধতির কারণে মেয়েরা সেখানে পড়তে দ্বিধাদ্বন্দ্বে ভোগে, কারণ ব্যবহারিক শিক্ষার সময় বিশেষ করে হাসপাতালে

জামাত : পৃঃ ৮ কঃ ২

## জামাত : সহশিক্ষায় নাখোশ

(১ম পৃষ্ঠার পর)

মহিলাদের ডেলিভারীর সময় ছেলেদের উপস্থিতি মেয়েদের কাছে অসহনীয় পরিস্থিতি সৃষ্টি করে।

সিদ্ধান্ত প্রস্তাবটির ওপর আলোচনাশেষে বিধি অনুযায়ী শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির-উদ্দিন সরকার জবাব দেন। জামাত এমপি'দের অরুচিকর বক্তব্যের কোন জবাব না দিয়ে তিনি নারী শিক্ষায় উন্নয়নের লক্ষ্যে সরকারের পরিকল্পনা সম্পর্কে বলেন, ইডেন মহিলা কলেজটিকে বিশ্ব-বিদ্যালয়ে রূপান্তরের চিন্তা-ভাবনা চলছে। আপাতত তা সম্ভব না হলে কলেজটিকে শিগগিরই ডিগ্রী প্রদানকারী বিশ্ববিদ্যালয় কলেজ করা হবে। বেসরকারী উদ্যোগে মহিলা বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ হচ্ছে এবং সরকার সেগুলোকে সহায়তা দেবে।

মন্ত্রীর বক্তব্য ও আশ্বাসের পরিপ্রেক্ষিতে হাফেজা আসমা খাতুন তার সিদ্ধান্ত প্রস্তাব প্রত্যাহার করে নেন।